# শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১৩. প্রশ্ন: তাদের মূলনীতিগুলো কি মিথ্যা ও কপটতার অন্তর্ভুক্ত?

১৩. উত্তর: আল্লাহ তা‘আলা মুনাফিকদেরকে সম্পর্কে জানিয়ে দিয়েছেন যে, তারা মুখে এমন কথা বলে, যা তাদের অন্তরে নেই; আর রাফেযীরাও এটাকে তাদের ধর্মের মূলনীতিসমূহের অন্তর্ভুক্ত করে নিয়েছে এবং তারা তাকে ‘তাকিয়্যা’ (التقيّة) নাম দিয়েছে; আর তারা এটাকে আহলে বাইতের ইমামগণের পক্ষ থেকে বলে বর্ণনা করে, যাঁদেরকে আল্লাহ তা‘আলা এর থেকে মুক্ত রেখেছেন, এমনকি তারা জা‘ফর সাদিকের নিকট থেকে বর্ণনা করে যে, তিনি বলেছেন: ‘তাকিয়্যা’ (التقيّة) হচ্ছে আমার এবং আমার পূর্বপুরুষগণের ধর্ম। অথচ আল্লাহ তা‘আলা আহলে বাইত ও তাঁরা ভিন্ন অন্যান্য মুমিনদেরকেও এর থেকে পবিত্র করে রেখেছেন। কারণ আহলে বাইত বা নবী পরিবারের সদস্যগণ ছিলেন সত্যবাদিতা ও ঈমানের বাস্তবতায় শ্রেষ্ঠ মানুষদের অন্তর্ভুক্ত, আর তাঁদের দীন ছিল ‘তাকওয়া’ (আল্লাহ ভীতি), ‘তাকিয়্যা’ (মিথ্যা বলা) নয়। [পৃ. ৪২, ২য় খণ্ড]।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12646

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন